প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব, অর্থ, বাজেট ও রেমিটেন্স বিভাগ

**কেন্দ্রীয় হিসাব বিভাগের পরিপত্র নং-০৬/২০২৪** **তারিখঃ ০৩.০৩.২০২৪**

**বিষয় : প্রবাসী কল্যাণ ব্যাংকের জন্য প্রণীত উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদান সম্পর্কিত নীতিমালা।**

প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মসংস্থানের উদ্দেশ্যে বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী বেকার যুবকদের সহায়তা প্রদান এবং প্রবাসী বাংলাদেশীদের প্রত্যাগমনের পর দেশে বিনিয়োগে উৎসাহিতকরণ ও কর্মসংস্থানের সহায়তা প্রদানের জন্য ঋণ প্রদান করে থাকে। জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ন অবদান রাখতে ব্যাংকের কার্যক্রম সার্বিকভাবে সন্তোষজনক পর্যায়ে রাখার লক্ষ্যে মুনাফা অর্জনের জন্য কর্মকর্তা-কর্মচারীদের উৎসাহ বোনাস প্রদানের লক্ষ্যে পরিচালনা পর্ষদের ২৫.০২.২০২৪ তারিখের ১১৯তম সভায় অর্থ মন্ত্রণালয়, অর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত গাইডলাইন অবিলম্বে বাস্তবায়নের নির্দেশনার প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ব্যাংকের জন্য উক্ত গাইডলাইন অনুযায়ী প্রণীত **"প্রবাসী কল্যাণ ব্যাংকের জন্য প্রণীত উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদান সম্পর্কিত নীতিমালা"** অনুমোদন হয়।

০২। সংযুক্ত নীতিমালার আলোকে পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৩.০৩.২৪
(মোহাম্মদ ফজলে রাব্বি)
উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
কেন্দ্রীয় হিসাব, অর্থ, বাজেট ও রেমিটেন্স বিভাগ

সংযুক্তঃ **"প্রবাসী কল্যাণ ব্যাংকের জন্য প্রণীত উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদান সম্পর্কিত নীতিমালা"**

প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধানগণ এবং অঞ্চল প্রধান (সকল)
শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ
১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (প্রশাসন ও পরিচালন) মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রবাসী কল্যান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস এন্ড সাইবার সিকিউরিটি ডিপার্টমেন্ট ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. অফিস কপি।

(পরিশিষ্ট-'৩')

বিষয় : প্রবাসী কল্যাণ ব্যাংকের জন্য প্রণীত উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদান সম্পর্কিত নীতিমালা।

ব্যাংকসমূহ কর্তৃক সরকারের বিভিন্ন অগ্রাধিকার খাতে স্বল্প সুদে ঋণ প্রদান, বিনামূল্যে সরকারের বিভিন্ন ধরণের সেবা প্রদানসহ সামাজিক নিরাপত্তাবেষ্টনী সংক্রান্ত কতিপয় সেবা প্রদান করার জন্য ব্যাংকগুলো কাঙ্খিত মুনাফা অর্জন করতে পারে না। ভবিষ্যতে ব্যাংকসমূহের মুনাফা বৃদ্ধিসহ ব্যাংকের সার্বিক প্রবৃদ্ধি ও উন্নয়নে সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে স্বঃস্ফুর্ত অংশগ্রহণে অনুপ্রাণিত করার লক্ষ্যে এবং উৎসাহ বোনাস বাবদ খরচ যৌক্তিকীকরণের নিমিত্ত রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের জন্য উৎসাহ বোনাস (Incentive Bonus) প্রদান সম্পর্কিত একটি চূড়ান্ত গাইডলাইন অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে প্রস্তুত করা হয়। উক্ত গাইডলাইন অনুযায়ী উৎসাহ বোনাস প্রদান সম্পর্কিত নীতিমালা প্রণয়ন করে নিজ নিজ ব্যাংকের পরিচালনা বোর্ড এর অনুমোদনক্রমে অবিলম্বে বাস্তবায়নের জন্য অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাণিজ্যিক অডিট শাখার ০৭.০২.২০২৪ তারিখের স্মারক নম্বর-৫৩.০০.০০০০.২২১.০১.০০১.২১.২০ এর মাধ্যমে নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়।

০১। প্রবাসী কল্যাণ ব্যাংক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী পন্থায় নিরাপদে ও দ্রুততার সঙ্গে বিদেশ থেকে রেমিট্যান্স প্রেরণে সহায়তা প্রদান এবং বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের সহজ শর্তে স্বল্পসময়ে ঋণ প্রদানের লক্ষ্যে গঠিত একটি বিশেষায়িত তফসিলি ব্যাংক। ব্যাংক সে উদ্দেশ্য পূরণের লক্ষ্যে অনবরত কাজ করে যাচ্ছে। রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত ব্যাংক সমূহ বিশেষ উদ্দেশ্যে গঠিত এবং সেই উদ্দেশ্য পুরনে কাজ করে থাকে বিধায় মুনাফা অর্জনকে তাদের উৎসাহ বোনাস প্রদানের ভিত্তি হিসেবে যৌক্তিক হবে না। রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত ব্যাংক সমূহের বিশেষায়িত লক্ষ্য/উদ্দেশ্য অর্জনের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনের হার বিবেচনায় নিয়ে পরিচালনা বোর্ড ন্যূনতম ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ex-gratia হিসেবে সুপারিশ করতে পারবে। ex-gratia প্রদানের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।এ ব্যাংক কর্তৃক পরিচালন মুনাফা অর্জিত হলে উৎসাহ বোনাসের পরিমাণ ও প্রাপ্যতা নির্ধারণ সংক্রান্ত নিম্নবর্ণিত ক্যালকুলেশন অনুযায়ী উৎসাহ বোনাস (পূর্বের অর্থ বছরসমূহের জন্য প্রাপ্যতা অনুযায়ী অপরিশোধিত বোনাসসহ) প্রদেয় হবে।

(ক) **উৎসাহ বোনাসের পরিমাণ ও প্রাপ্যতা নির্ধারণ :**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর সাথে রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক তথা প্রবাসী কল্যাণ ব্যাংক এর মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের হারের উপর ২০% ভার (weight) এবং ওয়ার্কিং ফান্ডের উপর পরিচালন মুনাফার (Operating Profit) হারের উপর ৮০% ভার বিবেচনায় নিয়ে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় নির্ণীত চূড়ান্ত স্কোরের ভিত্তিতে উৎসাহ বোনাসের প্রাপ্যতা নির্ধারিত হবে :

| | উৎসাহ বোনাসের পরিমাণ নির্ধারণ | | | | | | উৎসাহ বোনাসের প্রাপ্যতা নির্ধারণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | সূচকের বিবরণ | অর্জনের হার (%) | অর্জিত পয়েন্ট | গুণিতক | প্রাপ্ত স্কোর | চূড়ান্ত স্কোর | চূড়ান্ত স্কোর | উৎসাহ বোনাসের সর্বোচ্চ হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=৪X৫ | ৭=১(১)+১(২) | ৮ | ৯ |
| ১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন (২০%) | | | | | | <৫০ | শূণ্য |
| | অসাধারণ (১০০%)=৪ | | | | | | | |
| | অতি উত্তম (৯০%-৯৯)=৩ | | | | | | ৫০-৬০ | ১ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | উত্তম (৮০%-৮৯)=২ | | | ৫ | | | | |
| | চলতি মান (৭০%-৭৯)=১ | | | | | | ৬১-৭০ | ১.৫ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | চলতি মানের নিম্নে (<৭০%)=০ | | | | | | | |
| ২ | ওয়ার্কিং ফান্ডের উপর পরিচালন মুনাফার হার (৮০%) | | | | | | ৭১-৮০ | ২ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | >২.০০%=৪ | | | | | | | |
| | ১.০১%-২.০০%=৩ | | | | | | ৮১-৯০ | ২.৫ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | ০.৫১%-১.০০%=২ | | | ২০ | | | | |
| | ০.০১%-০.৫০%=১ | | | | | | >৯০ | ৩ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | <০%=০ | | | | | | | |

## উদাহরণ

উদাহরণস্বরূপ, ব্যাংকের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তাবায়নের হার ৯০% এবং ওয়ার্কিং ফান্ডের উপর পরিচালন মুনাফার হার >২.০০% হলে, ব্যাংকের চূড়ান্ত স্কোর নিম্নরূপে নিরূপিত হবে :

| ক্র: নং | উৎসাহ বোনাসের পরিমাণ নির্ধারণ | | | | | | উৎসাহ বোনাসের প্রাপ্যতা নির্ধারণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সূচকের বিবরণ | অর্জনের হার (%) | অর্জিত পয়েন্ট | গুণিতক | প্রাপ্ত স্কোর | চূড়ান্ত স্কোর | চূড়ান্ত স্কোর | উৎসাহ বোনাসের সর্বোচ্চ হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=৪X৫ | ৭=১(১)+১(২) | ৮ | ৯ |
| ১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন (২০%) | | | | | | <৫০ | শূণ্য |
| | অসাধারণ (১০০%)=৪ | | | | | | ৫০-৬০ | ১ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | অতি উত্তম (৯০%-৯৯)=৩ | | | | | | | |
| | উত্তম (৮০%-৮৯)=২ | ৯০% | ৩ | ৫ | ১৫ | | ৬১-৭০ | ১.৫ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | চলতি মান (৭০%-৭৯)=১ | | | | | | | |
| | চলতি মানের নিম্নে (<৭০%)=০ | | | | | ৯৫ | ৭১-৮০ | ২ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| ২ | ওয়ার্কিং ফান্ডের উপর পরিচালন মুনাফার হার (৮০%) | | | | | | | |
| | >২.০০%=৪ | | | | | | ৮১-৯০ | ২.৫ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | ১.০১%-২.০০%=৩ | | | | | | | |
| | ০.৫১%-১.০০%=২ | >২.০০% | ৪ | ২০ | ৮০ | | >৯০ | ৩ মাসের মূল বেতনের সমপরিমাণ |
| | ০.০১%-০.৫০%=১ | | | | | | | |
| | <০%=০ | | | | | | | |

**• এ ক্ষেত্রে চূড়ান্ত স্কোর ৯৫ হওয়ায় উহা চূড়ান্ত স্কোর তালিকার >৯০ শ্রেণী বিভাজনের মধ্যে অর্ন্তভূক্ত থাকায় উৎসাহ বোনাস প্রদানের পরিমাণ হবে ৩ মাসের মূল বেতনের সমপরিমাণ।**

(খ) **উৎসাহ বোনাস প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন করতে হবে :**

(১) এ নীতিমালার আওতার বাইরে উৎসাহ বোনাস প্রদানের ক্ষেত্রে ব্যতিক্রম কোন সিদ্ধান্ত গ্রহণ করতে হলে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ করতে হবে;

(২) চাকুরীর দীর্ঘতা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীগণ সংশ্লিষ্ট অর্থ বছরের আনুপাতিক হারে উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। তবে নতুন যোগদানকৃত (সরাসরি নিয়োগের মাধ্যমে ৩য় গ্রেড থেকে ২০তম গ্রেড) কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরীর বয়স সংশ্লিষ্ট অর্থ বছরে কমপক্ষে ৬ (ছয়) মাস হতে হবে; উল্লেখ্য দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারী উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না।

(৩) উৎসাহ বোনাস প্রদানের ক্ষেত্রে অবসর-উত্তর ছুটিকালীন (Post Retirement Leave) সময়কেও গণ্য করা যাবে;

(৪) পিআরএল ভোগরত/ চূড়ান্ত আবসর গ্রহণকৃত/পদত্যাগকৃত কর্মকর্তা/কর্মচারীগণ ও সংশ্লিষ্ট অর্থ বছরে চাকুরীর দীর্ঘতা অনুযায়ী আনুপাতিক হারে এ সুবিধা প্রাপ্য হবেন;

(৫) যে সকল কর্মকর্তা/কর্মচারী চাকুরীচ্যুত বা চাকুরী হতে বরখাস্ত হয়েছেন কিংবা সাময়িকভাবে বরখাস্ত অবস্থায় আছেন তাদের ক্ষেত্রে চাকুরীচ্যুত/বরখাস্ত/সাময়িকভাবে বরখাস্ত হওয়ায় তারিখের পূর্ববর্তী দিনকে শেষ কর্ম দিবস হিসেবে বিবেচনা করে এ সুবিধা প্রদান করা যাবে। প্রয়োজনে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উক্ত প্রাপ্য অর্থ প্রদান সাময়িকভাবে স্থগিত রাখতে পারবেন। তবে কোন কর্মকর্তা/কর্মচারী সাময়িক বরখাস্ত হতে পরবর্তীতে পূর্ণ আর্থিক সুবিধাসহ চাকরিতে পুন:বহাল হলে বা সমস্ত দায় হতে অব্যাহতি পেলে বোনাসের পূর্ণ সুবিধা প্রাপ্য হবেন;

(৬) ব্যাংকের যদি কোনো কর্মকর্তা/কর্মচারী প্রেষণে সরকারী দপ্তর/রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিয়োজিত থেকে এ ব্যাংক হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হন তাদের ক্ষেত্রেও এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। তবে অন্য কোনো প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী প্রেষণে এ ব্যাংকে কর্মরত থেকে নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন-ভাতা প্রাপ্ত হন তাদের জন্য এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে না;

(৭) এ ব্যাংকে সার্বক্ষণিকভাবে নিয়োজিত ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক এবং উক্ত পদ সমূহে সরকার কর্তৃক সরাসরি নিয়োজিত বা অন্য কোনো সংস্থা হতে এ ব্যাংকে প্রেষণে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারী যারা এ ব্যাংকের নিজস্ব চাকুরি বিধির আওতায় পড়েন না তারাও উৎসাহ বোনাস পাবেন। তারা যদি কোনো আর্থিক বছরে একাধিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কাজ করে থাকেন তবে তিনি যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত থাকেন, কর্মকালের ভিত্তিতে আনুপাতিক হারে সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে উক্ত বোনাস গ্রহণ করবেন;

(৮) যে তারিখের বেতনের উপর ভিত্তি করে উৎসাহ বোনাস প্রদান করা হবে ঐ তারিখে যদি কেউ পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটিতে থাকে (অবসর উত্তর ছুটি ব্যতীত) তা হলে ছুটিতে না থাকলে ঐ তারিখে তাদের বেতন যত হতো তার উপর উৎসাহ বোনাস পাবেন;

(৯) সংশ্লিষ্ট অর্থবছরে বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারীগণ অসাধারণ ছুটিকাল বাদ দিয়ে অবশিষ্ট চাকুরিকালের জন্য অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আনুপাতিক হারে উৎসাহ বোনাস পাবেন;

(১০) শৃঙ্খলাজনিত অপরাধে যে সকল কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করা হয়েছে মোকদ্দমা চূড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত তারা উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না। এক্ষেত্রে বিতরণকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্য উৎসাহ বোনাস প্রদেয় খাতভুক্ত করতে হবে। তবে প্রধান কার্যালয়ের মানব সম্পদ, কল্যাণ, শৃঙ্খলাও আপীল বিভাগের অনুমতি সাপেক্ষে প্রদান করতে হবে;

(১১) মৃত কর্মকর্তা/কর্মচারী যারা সংশ্লিষ্ট অর্থবছরে ব্যাংকের চাকুরিতে কর্মরত ছিলেন তাদের উত্তরাধিকারীগণ প্রয়োজনীয় শর্তাদি পূরণ সাপেক্ষে উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। তাদের উত্তরাধিকারীগণের আবেদনের পরিপ্রেক্ষিতে সর্বশেষ কর্মস্থল হতে উৎসাহ বোনাস বিতরণ করা হবে।

(১২) যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্তমানে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন তাদেরকে উৎসাহ বোনাস প্রদান করা যাবে না। পরবর্তীতে তারা উক্ত উৎসাহ বোনাস দাবী করলে কর্তৃপক্ষের বিবেচনার জন্য তা পূর্ণ তথ্যাদিসহ প্রধান কার্যালয়ের মানব সম্পদ, কল্যাণ, শৃঙ্খলাও আপীল বিভাগে প্রেরণ করতে হবে।

০২। **উৎসাহ বোনাস প্রদানের ক্ষেত্রে ওয়ার্কিং ফান্ড এর হিসাবায়ন:** ওয়ার্কিং ফান্ড নির্ণয়ে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরন করতে হবে:

| ক্র: নং | ওয়ার্কিং ফান্ড এর উপাদানসমূহ | টাকার অংক |
|---|---|---|
| ক) | আমানতের ত্রৈমাসিক স্থিতির গড় (শেষ কর্মদিবসের স্থিতি ভিত্তিক) | *** |
| খ) | (+) কর্জের (borrowing) (স্বল্পকালীন ব্যতিত) ত্রৈমাসিক স্থিতির গড় (শেষ কর্মদিবসের স্থিতি ভিত্তিক) | *** |
| গ) | (+) আদায়কৃত মূলধন, শেয়ার প্রিমিয়াম, বিধিবদ্ধ সঞ্চিতি (Statutory Reserve) ও রিটেইন্ড আর্নিং এর ত্রৈমাসিক স্থিতির গড় (শেষ কর্মদিবসের স্থিতি ভিত্তিক) | *** |
| ঘ) | (-) সিআরআর হিসেবে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত অর্থের ত্রৈমাসিক স্থিতির গড় (শেষ কর্মদিবসের স্থিতি ভিত্তিক) | *** |
| | **মোট ওয়ার্কিং ফান্ড** | *** |

০৩। **উৎসাহ বোনাস প্রদানের ক্ষেত্রে পরিচালন মুনাফা এর হিসাবায়ন** : ব্যাংকের মোট পরিচালন আয় (Total Operating Income) হতে মোট পরিচালন ব্যয় (Total Operating Expense) বাদ দিয়ে পরিচালন মুনাফা (Operating Profit) হিসাব করতে হবে।

০৪। **উৎসাহ বোনাসের ভিত্তি** : যে অর্থবছরের জন্য উৎসাহ বোনাস প্রদান করা হবে সে অর্থবছরের শেষ মাসের (জুন মাসের শেষ তারিখ ভিত্তিক) প্রাপ্য মূল বেতন (Basic Pay)। পরবর্তীতে মঞ্জুরির ভিত্তিতে উক্ত তারিখের বেতন বৃদ্ধি পেলেও কোন বকেয়া প্রদেয় হবে না।

০৫। **উৎসাহ বোনাস ঘোষণা এবং অর্থ প্রদান** : যে অর্থবছরের জন্য উৎসাহ বোনাস প্রদান করা হবে সে অর্থবছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী যে তারিখে পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত ও স্বাক্ষরিত হবে, সে তারিখেই পরিচালনা বোর্ড হতে এ নীতিমালার আলোকে উৎসাহ বোনাস অনুমোদন করতে পারবে। পরিচালনা বোর্ড কর্তৃক উক্ত উৎসাহ বোনাস অনুমোদনের প্রেক্ষিতে এ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাবিহীত প্রদান করতে পারবেন।

০৬। **আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পূর্বানুমোদন** : Ex-gratia প্রদানের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

০৭। **বাজেট বরাদ্দ** : উৎসাহ বোনাস প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট সংস্থান রাখতে হবে এবং সংস্থানকৃত বাজেট হতে উৎসাহ বোনাস প্রদান করা হবে।

০৮। **উৎসাহ বোনাসের অর্থ প্রদানের ক্ষেত্রে করনীয়:**

(ক) কোনো কর্মকর্তা/কর্মচারীকে তার প্রাপ্য অপেক্ষা অতিরিক্ত উৎসাহ বোনাস প্রদান করা হলে সে জন্য আয়ন ও ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবে।

(খ) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর অবিতরণকৃত/প্রদেয় খাতভুক্ত/বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকৃতদের আনুপাতিক হারে কম প্রদেয় হলে তা মন্তব্য কলামে সুনির্দিষ্ট করে উল্লেখ করতে হবে;

০৯। **উৎসাহ বোনাসের হিসাবায়ন পদ্ধতি :**

(ক) শাখাসমূহ আন্ত:হিসাব (০৯৯৯-৯০৩০৬০২০৫০০০০০-Provision for Incentive/Performance Bonus) ডেবিট এবং ব্যাংক হিসাব ক্রেডিট করে উৎসাহ বোনাসের অর্থ প্রদান করতে হবে;

শাখা ব্যবস্থাপকগণকে কর্মকর্তা/কর্মচারীদের প্রদত্ত উৎসাহ বোনাসের টাকার পরিমাণ উল্লেখপূর্বক নিম্নোক্ত "ছক" মোতাবেক বিবরণী প্রস্তুত করে সাপোর্টিং হিসেবে ট্রান্সফার ভাউচারের ফটোকপি সংযুক্ত করে ডেবিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**"ছক"**

**প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের .....অর্থবছরের জন্য উৎসাহ বোনাস বাবদ প্রদানকৃত অর্থের বিবরণী :**

| ক্র. নং | নাম ও ব্যক্তিগত নম্বর | পদবি | ৩০.০৬.২০....... তারিখে প্রাপ্য মূল বেতন | ২০.....-২০... অর্থবছরে ব্যাংকে কর্মরত সময় | প্রদানকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |